

একাংশের সংবাদ সম্মেলন  
বাক্বি ছাত্রলীগের  
সভাপতি-সম্পাদকের  
প্রতি অনাস্থা

বাক্বি প্রতিনিধি >

বর্তমান কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক নহে কয়েকজন নেতার অপকর্মের দায় নেবে না বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাক্বি) শাখা ছাত্রলীগ। ওই নেতাদের বিরুদ্ধে টেডারবাজি, নিয়োগ বাণিজ্য, ছাত্র হত্যা, নারী কলেজারিসহ বিভিন্ন ধরনের অপকর্মের অভিযোগ করে সংবাদ সম্মেলন করেছেন ছাত্রলীগের একাংশের নেতারা। এই সঙ্গে তাঁরা সভাপতি ও সাধারণ সম্পাদকের প্রতি অনাস্থা জ্ঞাপন করেছে।

গতকাল মঙ্গলবার সকাল ১১টার দিকে বিশ্ববিদ্যালয়ের সাংবাদিক সমিতির কার্যালয়ে সংবাদ সম্মেলন করেন নেতারা। এতে শাখা ছাত্রলীগের যুগ্ম সম্পাদক মাহবুবুর রহমান রাহাতের সভাপতিত্বে লিখিত বক্তব্য পাঠ করেন যুগ্ম সম্পাদক খন্দকার তায়েফুর রহমান রিয়াদ। এতে উপস্থিত ছিলেন শাখা ছাত্রলীগের বর্তমান কমিটির প্রায় অর্ধশতাধিক নেতাকর্মী।

লিখিত বক্তব্যে রিয়াদ বলেন, সভাপতি ও সাধারণ সম্পাদকের নেতৃত্বে ছাত্রলীগ নামধারী কয়েকজন উচ্ছৃঙ্খল কর্মীর জন্য দলের ভাবমূর্তি নষ্ট হচ্ছে। তাদের নেতৃত্বে ওই কর্মীরা টেডারবাজি, নিয়োগ বাণিজ্য, ছাত্র হত্যা, নারী কলেজারিসহ বিভিন্ন ধরনের অপকর্ম করেছে। অথচ এর বিরুদ্ধে কেউ প্রতিবাদ করলে, তাকে পিটিয়ে ক্যাম্পাস থেকে বিতাড়িত করা হয়েছে। অপরাধীদের বলি হতে হয়েছে বেশকিছু সক্রিয় কর্মীর। কিন্তু আর কোনো অপরাধীদের ছায়ভার নেবে না বাক্বি ছাত্রলীগ। তিনি আরো বলেন, বর্তমান কমিটির অধিকাংশ নেতাকর্মী সভাপতি ও সাধারণ সম্পাদকের প্রতি অনাস্থা জ্ঞাপন করে অর্ধশতাধিক নেতাকর্মী গণস্বাক্ষর দিয়েছে।

এ বিষয়ে শাখা ছাত্রলীগের সভাপতি মুর্শেদুজ্জামান খান বাবু বলেন, সম্পূর্ণ বিষয়টি নিয়ে কেন্দ্রীয় ছাত্রলীগ অবগত। কেন্দ্রীয় কমিটির নেতাদের নির্দেশক্রমে মিথ্যা অপপ্রচারকারীদের বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে।